

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.২৭.৫৫১.১৮.

তারিখ : /০৪/২০১৯ খ্রিঃ

অফিস আদেশ

কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন জামালপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল), জনাব মোঃ মাইদুল ইসলাম এর ২০১৫ সালের বার্ষিক গোপনীয় অনুবেদনে 'অর্থনৈতিক উন্নয়নে আজহ...তাঁহার কর্তব্যের এই দিকটিকে রুটিন মাসিক দায়িত্ব হিসাবে গণ্য করার প্রবণতা রহিয়াছে, উদ্ধত্যের প্রবণতা রহিয়াছে' মর্মে বিরূপ মন্তব্য করা হয়। এ বিষয়ে কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে অনুবেদনাধীন, রিপোর্ট প্রদানকারী ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিকট ব্যাখ্যা চাওয়া হলে তারা জবাব প্রেরণ করেছেন।

- ২। অনুবেদনাধীন কর্মকর্তা, জনাব মোঃ মাইদুল ইসলাম এর কাছে উক্ত বিরূপ মন্তব্যের বিষয়ে গত ২১/১২/২০১৭ খ্রিঃ তারিখে ৩৭.০৩.০০০০.০৪০.১৮.০৭৭.৪০০.১৭.অংশ-১.২০৮-২ স্মারকমূলে লিখিত জবাব চাওয়া হলে তিনি পত্র প্রাপ্তির ০৫ (পাঁচ) মাস পরে গত ২২/০৫/২০১৮ খ্রিঃ তারিখ জবাব প্রেরণ করেন। তার বক্তব্য মতে ২০১৫ সালের বার্ষিক গোপনীয় অনুবেদন প্রদান করার পূর্বে তাকে লিখিতভাবে জানানো হয়নি।
- ৩। রিপোর্ট প্রদানকারী কর্মকর্তা, জনাব সন্তোষ চন্দ্র দেবনাথ এর বক্তব্য মতে জনাব মোঃ মাইদুল ইসলাম এর ২০১৫ সালের বার্ষিক গোপনীয় অনুবেদনে বিরূপ মন্তব্য বার্ষিক গোপনীয় অনুবেদন সংক্রান্ত অনুশাসনমালার অনুচ্ছেদ ৪.৪ অনুসরণ করেই করা হয়েছিল। জনাব মোঃ মাইদুল ইসলাম মৌলভীবাজার টেকনিক্যাল স্কুল ও কলেজে কর্মকালীন পুরো সময়ে সরকারি আদেশ গ্রহণ না করার ঘটনা পুণঃ পুণঃ ঘটিয়েছেন যা সময়ে সময়ে অধ্যক্ষ মহোদয়কে এবং অধ্যক্ষ মহোদয় কর্তৃক তাকে অবহিত করা হয়েছিল।
- ৪। প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা, জনাব কাজী মেজবাউল ইসলাম এর বক্তব্য মতে জনাব মোঃ মাইদুল ইসলাম মৌলভীবাজার টেকনিক্যাল স্কুল ও কলেজে যোগদান করার পর থেকে অস্বাভাবিক আচরন, বিভাগীয় প্রধানের সাথে অসদাচরন, উদ্ধত্যপূর্ণ ব্যবহার, ছাত্র/ছাত্রীদের সাথে শিক্ষকসুলভ আচরন না করা, প্রতিষ্ঠানের সভায় উপস্থিত না হওয়া, সরকারি চিঠি গ্রহণ না করার মত অপরাধ প্রতিনিয়তই করে আসছিলেন। যার পরিপ্রেক্ষিতে তার বার্ষিক গোপনীয় অনুবেদনে বিরূপ মন্তব্য করা হয়েছে।
- ৫। এমতাবস্থায়, এসিআর অনুশাসনমালার অনুচ্ছেদ ৪.৪ যথাযথভাবে অনুসরণ করে বিরূপ মন্তব্য করায় এবং বিরূপ মন্তব্য সম্পর্কে যথাসময়ে অনুবেদনাধীন কর্মকর্তা, জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল), জনাব মোঃ মাইদুল ইসলামকে অবহিত করায় তার ২০১৫ সালের বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) এর বিরূপ মন্তব্য ('অর্থনৈতিক উন্নয়নে আজহ...তাঁহার কর্তব্যের এই দিকটিকে রুটিন মাসিক দায়িত্ব হিসাবে গণ্য করার প্রবণতা রহিয়াছে, উদ্ধত্যের প্রবণতা রহিয়াছে') এসিআর অনুশাসনমালা ২০১৬ এর ৪.৬.৫ অনুচ্ছেদ অনুযায়ী বহাল রাখা হলো।
- ৬। একই নীতিমালার ৪.৭.২ অনুচ্ছেদ মোতাবেক উক্ত বিরূপ মন্তব্য ০৩ (তিন) বছরের জন্য কার্যকর থাকবে।
সংযুক্তি: বর্ণনা মোতাবেক- ২৬ ফর্দ।


স্বাক্ষরিত/-
(রওশনক মাহমুদ)
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
ও
মহাপরিচালক (অঃদাঃ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.২৭.৫৫১.১৮. ২১৯ (৭)

তারিখ : ০৪/০৪/২০১৯ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অধ্যক্ষ, জামালপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, জামালপুর।
- ৩। জনাব কাজী মেজবাউল ইসলাম, অধ্যক্ষ, মৌলভীবাজার টেকনিক্যাল স্কুল ও কলেজ, মৌলভীবাজার।
- ৪। জনাব জনাব সন্তোষ চন্দ্র দেবনাথ, চীফ ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল), মৌলভীবাজার টেকনিক্যাল স্কুল ও কলেজ, মৌলভীবাজার।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ৬। জনাব মোঃ মাইদুল ইসলাম, জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল), জামালপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, জামালপুর।
- ৭। সংরক্ষণ নথি, ডেসিয়ার সেল, ভোকেশনাল শাখা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।


(মোহাম্মদ সাজ্জাদ মুফতী)
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।